



শাহজালাল বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়, সিলেট ঢাকা অতিথি ভবন ব্যবহারের নীতিমালা

২০৬৫

- ১। শাহজালাল বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের ঢাকা অতিথি ভবনে সিট বরাদ্দ প্রাপ্তির জন্য বিশ্ববিদ্যালয়ের শিক্ষক এবং কর্মকর্তাবৃন্দ অনলাইনে আবেদন করতে পারবেন।
- ২। বিশ্ববিদ্যালয়ের ঢাকা অতিথি ভবনে নিম্নে উল্লিখিত ব্যক্তিবর্গ থাকতে পারবেন :
(ক) শিক্ষক/কর্মকর্তা
(খ) শিক্ষক/কর্মকর্তাদের স্বামী/স্ত্রী (স্পাউজ)
(গ) শিক্ষক/কর্মকর্তাদের সন্তান-সন্ততি
(ঘ) শিক্ষক/কর্মকর্তাদের পিতা-মাতা
- ৩। বিশ্ববিদ্যালয়ের শিক্ষক এবং কর্মকর্তাগণ ঢাকা অতিথি ভবনে নিম্নে উল্লিখিত প্রয়োজনে অবস্থান করতে পারবেন :
(ক) বিশ্ববিদ্যালয়ের দাপ্তরিক কার্য সম্পাদন;
(খ) পেশাগত কার্য সম্পাদন;
(গ) ব্যক্তিগত এবং পারিবারিক প্রয়োজন।
- ৪। বিশ্ববিদ্যালয়ের শিক্ষক/কর্মকর্তাদের অনুপস্থিতিতে তাঁদের স্ত্রী/স্বামী, সন্তান-সন্ততি এবং পিতা-মাতা অতিথি ভবনে অবস্থানের জন্য বিবেচনা করা যাবে না।
- ৫। একাধারে ৫ (পাঁচ) দিন এবং এক মাসে সর্বমোট ১০ (দশ) দিনের বেশি বরাদ্দ প্রদান করা হবে না। কর্তৃপক্ষ কর্তৃক অনুমোদিত দাপ্তরিক কার্য সম্পাদনের ক্ষেত্রে উল্লিখিত অবস্থানের সময়সীমা প্রযোজ্য হবে না। অতিথি ভবন ব্যবহারের জন্য সর্বোচ্চ ৫ (পাঁচ) দিন পূর্বে অনলাইনে আবেদন করা যাবে। সর্বোচ্চ ২ টি রুম বরাদ্দ নেয়া যাবে।
- ৬। বরাদ্দপ্রাপ্ত শিক্ষক/কর্মকর্তা ঢাকা অতিথি ভবনে উপস্থিতোত্তর সংরক্ষিত রেজিস্ট্রার খাতায় নাম লিপিবদ্ধ করবেন এবং বরাদ্দপ্রাপ্ত কক্ষে উঠবেন।
- ৭। কোন শিক্ষক/কর্মকর্তা নিজের নামে সিট বরাদ্দ নিয়ে অন্য কোন শিক্ষক/কর্মকর্তার কাছে বরাদ্দপত্র হস্তান্তর করতে পারবেন না।
- ৮। বুকিং ছাড়া অতিথি ভবনে রাত্রি যাপন করা যাবে না।
- ৯। অতিথি ভবনে অবস্থানকারী শিক্ষক/কর্মকর্তাবৃন্দ অতিথি ভবনের পরিবেশ ও পরিচ্ছন্নতা বজায় রাখতে আন্তরিক থাকবেন।
- ১০। অতিথি ভবনের কক্ষসমূহের দৈনিক ভাড়া নিম্নরূপে নির্ধারণ করা হলো:
(ক) ১ নং কক্ষ; সংরক্ষিত থাকবে। ভাড়া = ১০০০/- টাকা
(খ) ২ ও ৩ নং কক্ষ (সিঙ্গেল রুম ক্যাপল বেড) ভাড়া = ৮০০/- টাকা
(গ) ৮, ৯, ১০ ও ১১ নং কক্ষ (সিঙ্গেল রুম সিঙ্গেল বেড) ভাড়া = ৬০০/- টাকা
(ঘ) ৪ নং কক্ষ (২টি সিঙ্গেল সিট) সিট প্রতি ভাড়া = ৫০০/- টাকা
(ঙ) ৭ নং কক্ষ (৩টি সিঙ্গেল সিট) সিট প্রতি ভাড়া = ৫০০/- টাকা
(চ) ৫ নং কক্ষ (২টি সিঙ্গেল সিট) সিট প্রতি ভাড়া = ৩০০/- টাকা
(ছ) ৬ নং কক্ষ (৩টি সিঙ্গেল সিট) সিট প্রতি ভাড়া = ৪০০/- টাকা
- ১১। ৫ নং কক্ষ কর্মচারীদের জন্য সংরক্ষিত থাকবে। নির্ধারিত ফরমে রেজিস্ট্রার দপ্তর থেকে বরাদ্দ নিতে হবে। তবে কক্ষ খালি থাকলে শিক্ষক/কর্মকর্তাবৃন্দ রেজিস্ট্রারের মাধ্যমে নির্ধারিত ফরমে আবেদন করে অবস্থান করতে পারবেন। সেক্ষেত্রে ৪০০/- টাকা সিট প্রতি ভাড়া প্রদান করতে হবে।
- ১২। অনলাইনে অথবা রেজিস্ট্রার দপ্তর থেকে সিটের বরাদ্দপত্র নেয়ার পর যদি কোন শিক্ষক/কর্মকর্তা অতিথি ভবনে অবস্থান করতে না চান, সেক্ষেত্রে তিনি নিজ দায়িত্বে বরাদ্দ বাতিল করবেন। ২৪ ঘণ্টা পূর্বে বুকিং বাতিল করলে কোন ফি দিতে হবে না, ২৪ ঘণ্টার মধ্যে ৫০% এবং ১২ ঘণ্টার মধ্যে বুকিং বাতিল করলে ১০০% ফি সংশ্লিষ্টের বেতন থেকে কর্তন করা হবে।
- ১৩। অতিথি ভবনে ঢেক ইন এবং ঢেক আউট বিকাল ৫.০০ ঘটিকা।
- ১৪। অতিথি ভবনে অবস্থানকারী শিক্ষক/কর্মকর্তাবৃন্দের ব্যক্তিগত কাজে অতিথি ভবনে কর্মরত কর্মচারীদের অতিথি ভবন কমপ্লেক্স এলাকার বাইরে পাঠানো যাবে না।
- ১৫। সিস্টেমের সাধারণ সেবাসমূহ ও আর্থিক বিষয়াদি যথাক্রমে রেজিস্ট্রার দপ্তর ও হিসাব দপ্তরের তত্ত্বাবধানে পরিচালিত হবে। কারিগরি ক্রটি, সার্ভার, সিস্টেম উন্নয়ন ইত্যাদি আইটি সংক্রান্ত বিষয়াদি আইসিটি সেলের তত্ত্বাবধানে পরিচালিত হবে।

ক্যাম্পাস অতিথি ভবন ব্যবহারের নীতিমালা

- ১। ক্যাম্পাস অতিথি ভবনের কক্ষসমূহের দৈনিক ভাড়া নিম্নরূপে নির্ধারণ করা হলো:
(ক) ভিআইপি [কক্ষ নম্বর ২০২ ও ২০৫] কক্ষ প্রতি ভাড়া = ১,০০০/- (এক হাজার) টাকা
(খ) ভিআইপি (১) [কক্ষ নম্বর ৩০১ ও ৩০৬] কক্ষ প্রতি ভাড়া = ৮০০/- (আট শত) টাকা
(গ) ভিআইপি (২) [কক্ষ নম্বর ২০৩, ২০৪, ৩০২, ৩০৩, ৩০৪ ও ৩০৫] কক্ষ প্রতি ভাড়া = ৮০০/- (আট শত) টাকা এবং সিট প্রতি ভাড়া = ৪০০/- (চার শত) টাকা
(ঘ) সাধারণ (এসি) [কক্ষ নম্বর ১০১, ১০২, ১০৩ ও ১০৬] সিট প্রতি ভাড়া = ৩০০/- (তিনশত) টাকা
(ঙ) সাধারণ (নন এসি) [কক্ষ নম্বর ১০৪ ও ১০৫] সিট প্রতি ভাড়া = ২০০/- (দুইশত) টাকা
- ২। বিশ্ববিদ্যালয়ের শিক্ষক/কর্মকর্তাদের একাধারে ৫ (পাঁচ) দিন এবং এক মাসে সর্বমোট ১০ (দশ) দিনের বেশি বরাদ্দ প্রদান করা হবে না।

১৮.০৫.২৫ ১৮/০৫/২৫ ১৮/০৫/২৫ ১৮/০৫/২৫ ১৮/০৫/২৫ ১৮/০৫/২৫

২৬৬৭

শাহজালাল বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের ঢাকাছ ও ক্যাম্পাছ অতিথি ভবনের ব্যবস্থাপনা ও ভাড়া পুনঃনির্ধারণ বিষয়ে নীতিমালার জন্য গঠিত কমিটির ২১-১০-২০২৪, ১১-১২-২০২৪, ২৩-০১-২০২৫ ও ১৮-০৮-২০২৫ তারিখ মোট ০৪টি সভা কমিটির সভাপতি ও কোষাধ্যক্ষ মহোদয়ের অফিস কক্ষে অনুষ্ঠিত হয়। অদ্য সভায় নিম্নোক্ত সিদ্ধান্তসমূহ গৃহীত হয়।

০১. ঢাকাছ ও ক্যাম্পাছ অতিথি ভবনের ব্যবস্থাপনা ও ভাড়া পুনঃনির্ধারণ বিষয়ে নীতিমালার ১২ নং শর্ত নিম্নোক্তভাবে সংশোধন করা হলো :

“অনলাইনে অথবা রেজিস্ট্রার দপ্তর থেকে সিটের বরাদ্দপত্র নেয়ার পর যদি কোন শিক্ষক/কর্মকর্তা অতিথি ভবনে অবস্থান করতে না চান, সেক্ষেত্রে তিনি নিজ দায়িত্বে বরাদ্দ বাতিল করবেন। ২৪ ঘন্টা পূর্বে বুকিং বাতিল করলে কোন ফি দিতে হবে না, ২৪ ঘন্টার মধ্যে ৫০% এবং ১২ ঘন্টার মধ্যে বুকিং বাতিল করলে ১০০% ফি সংশ্লিষ্টের বেতন থেকে কর্তন করা হবে।”

০২. আইসিটি সেলের ভারপ্রাপ্ত পরিচালকের পত্রের প্রেক্ষিতে নীতিমালার ১৫ নং শর্তে নিম্নোক্তভাবে সংযোজন করা হলো :

“সিস্টেমের সাধারণ সেবাসমূহ ও আর্থিক বিষয়াদি যথাক্রমে রেজিস্ট্রার দপ্তর ও হিসাব দপ্তরের তত্ত্বাবধানে পরিচালিত হবে। কারিগরি ত্রুটি, সার্ভার, সিস্টেম উন্নতকরণ ইত্যাদি আইটি সংক্রান্ত বিষয়াদি আইসিটি সেলের তত্ত্বাবধানে পরিচালিত হবে।”


রেজিস্ট্রার


২৬/০৮/২০২৫